৩২

দৈনিক ইনকিলাব

তারিখ 29 NOV 1996
পৃষ্ঠা ১১ কলাম ৪

### বাংলামটর শিক্ষক সমাবেশে ঘোষণা

# শিক্ষা মন্ত্রণালয় জারিকৃত আদেশ অবিলম্বে প্রত্যাহার করুন

স্টাফ রিপোর্টার ঃ পরীক্ষায় ছাত্র/ছাত্রীদের খারাপ ফলাফলের অজুহাত দেখিয়ে বেসরকারী স্কুল-কলেজের শিক্ষকদের বেতন-ভাতাদির সরকারী অংশ কর্তন ও সরকারী শিক্ষকদের ইনক্রিমেন্ট স্থগিতকরণ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় জারিকৃত সাম্প্রতিক সরকারী আদেশ অবিলম্বে নিঃশর্তভাবে প্রত্যাহার ও পূর্ববর্তী সরকারের আমলের কুখ্যাত জনবল কাঠামো বাতিলের দাবীতে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের উদ্যোগে গতকাল বিকেল ৪টায় রাজধানীর বাংলামটর সংযোগস্থলে সরকারী ও বেসরকারী স্কুল-কলেজ শিক্ষকদের এক সমাবেশ অনুষ্ঠিত হয়। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সমাবেশে বক্তব্য রাখেন ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ একেএম জহিরুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক ও দপ্তর সম্পাদক অধ্যাপক আবদুর রব মিয়া, শিক্ষক সমিতির সহসভাপতি মিসেস রওশন আরা মান্নান ও মহাসচিব মোঃ সেলিম ভূইয়া এবং সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব মোঃ তোহা। সমাবেশে গৃহীত সর্বসম্মত প্রস্তাবে বলা হয় যে, আগামী ৩০ নভেম্বরের মধ্যে শিক্ষকদের বেতন কর্তন ও ইনক্রিমেন্ট স্থগিতকরণ সংক্রান্ত আদেশ শর্তহীনভাবে প্রত্যাহার এবং শিক্ষা সংকোচনমূলক কুখ্যাত জনবল কাঠামো বাতিলের সিদ্ধান্ত নেয়া না হলে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন দেশব্যাপী বৃহত্তর আন্দোলনের কর্মসূচী ঘোষণা করতে বাধ্য হবে।

শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দ পরে প্রধানমন্ত্রীর কার্যালয়ে একটি স্মারকলিপি পেশ করেন। সেখানে প্রধানমন্ত্রীর পক্ষে তাঁর মহাপরিচালক মোঃ হেলাল উদ্দিন স্মারকলিপি গ্রহণ করেন। স্মারকলিপি পেশের পর ফেডারেশন নেতৃবৃন্দ বাংলামটরে ফিরে এসে সংক্ষিপ্ত বক্তব্য দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।